গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুন বাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

নং-৫৮.০২.০০০০.০০৫.০১.০০৯.২১-৩২২৫

তারিখঃ ১১ আশ্বিন, ১৪৩০ / ২৬ সেপ্টেম্বর, ২০২৩

বিষয় : পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সা.) উদ্‌যাপন।

সূত্র: ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে ১৩ সেপ্টেম্বর, ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে '১২ রবিউল আউয়াল ১৪৪৫ হিজরি/২৮ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি. তারিখে পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সা.) যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষ্যে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নসহ স্ব স্ব বিভাগীয় কমিশনারের কার্যালয় ও জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে দিবসটি উদ্‌যাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : সভার কার্যবিবরণী।

(দীপজয় খীসা)
সহকারী পরিচালক(প্রশাসন)
মোবাইল: +৮৮০১৪০৪০৭২০১৯
ই-মেইল: adadmin@dnc.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. পরিচালক(প্রশাসন/অপারেশনস/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা/চীফ কনসালটেন্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
২. প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, ১৭৪ ডিষ্টিলারী রোড, গেন্ডারিয়া, ঢাকা ।
৩. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/ বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা, ঢাকা।
৪. উপ-পরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. উপপরিচালক/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/মেট্রোঃ কার্যালয়(উত্তর/দক্ষিণ)/টেকনাফ বিশেষ জোন/জেলা কার্যালয়,-------------------।
৬. প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. সহকারী পরিচালক (কমন সার্ভিস),মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (জাতীয় পতাকা উত্তোলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৮. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) ।
৯. অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) ।
১০. অফিস কপি/গার্ড ফাইল।

**একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd

বিষয়ঃ আগামী ১২ রবিউল আউয়াল ১৪৪৫ হিজরি/২৮ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি: তারিখে পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সা.) উদ্‌যাপন উপলক্ষে জাতীয় পর্যায়ে কর্মসূচী প্রণয়ন এবং উহা সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ ফরিদুল হক খান এম.পি. মাননীয় প্রতিমন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়। |
| সভার তারিখ ও সময় | : | ১৩.০৯.২০২৩ খ্রি. দুপুর- ০২.৩০ ঘটিকা। |
| স্থান | : | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-১৫১৫, ভবন নং-০৬), বাংলাদেশ সচিবালয়, ঢাকা এবং একই সাথে জুম ক্লাউড প্লাটফর্ম। |
| উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট- "ক" |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। আসন্ন পবিত্র-ঈদ-ই-মিলাদুন্নবী (সা.) উপলক্ষে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। তিনি সারা দেশব্যাপী যথাযথ ধর্মীয় ভাবগাম্ভীর্য বজায় রেখে আসন্ন পবিত্র-ঈদ-ই-মিলাদুন্নবী (সা.) ১৪৪৫ হিজরি উদ্‌যাপন উপলক্ষে হযরত মুহাম্মদ (সা.) এর জীবনী ও কর্মের উপর আলোচনা, বিশেষ করে ইসলামে শান্তি, প্রগতি, সৌহার্দ্য, সহিষ্ণুতা, বিশ্ব-ভ্রাতৃত্ব, মানবাধিকার, নারীর মর্যাদা ইত্যাদি বিষয়ের উপর গুরুত্বারোপ করেন।

২। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (সমন্বয় ও সংস্কার) মোহাম্মদ আবদুল কাদের শেখ সভার কার্যপত্র উপস্থাপন করেন। তিনি ধারাবাহিকভাবে কার্যপত্র উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| নং | কর্মসূচী | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বাণী প্রদান। | পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী উদযাপন উপলক্ষে প্রতি বছর মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী জাতির উদ্দেশ্যে বাণী প্রদান করে থাকেন। বিগত বছরের ন্যায় এ বছরেও পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী উপলক্ষে অনুরূপ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. রাষ্ট্রপতির কার্যালয় (জন বিভাগ/ আপন বিভাগ) এবং<br>২. প্রধানমন্ত্রীর কার্যালয়।<br>৩. সিনিয়র তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়। |
| ২. | সরকারি, আধা-সরকারি ভবন, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, বেসরকারি ভবন ও সশস্ত্র বাহিনীর সকল স্থাপনাসমূহে জাতীয় পতাকা উত্তোলন। | এ দিন সকল সরকারি, আধাসরকারি স্বায়ত্বশাসিত ভবন, বেসরকারি ভবন ও সশস্ত্র বাহিনীর সকল সদর দপ্তর/ ইউনিট/ঘাঁটি/ জাহাজসমূহে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। | সচিবালয়ের অভ্যন্তরে গণপূর্ত বিভাগ এবং সচিবালয়ের বাইরে স্ব-স্ব মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/দপ্তর/ জেলা প্রশাসন/ ঢাকা উত্তর সিটি করপোরেশন/ ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন/ পৌরসভা/ সশস্ত্র বাহিনী বিভাগ। |
| ৩. | জাতীয় পতাকা ও "কালেমা তায়্যিবা" লিখিত ব্যানার ঢাকা মহানগরীর গুরুত্বপূর্ণ ট্রাফিক আইল্যান্ড ও লাইট পোষ্টে প্রদর্শন। | প্রতি বছরের ন্যায় এবছরও ঢাকা মহানগরীর গুরুত্বপূর্ণ ট্রাফিক আইল্যান্ড, গুরুত্বপূর্ণ স্থান ও রাস্তাসমূহে জাতীয় পতাকা, ও কলেমা তায়্যিবা লিখিত রঙিন পতাকা ব্যানার প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। বিমান বন্দর থেকে | (ক) গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।<br>(খ) গণপূর্ত অধিদপ্তর/ সশস্ত্র বাহিনী বিভাগ। |

| নং | কর্মসূচী | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | | বনানী হয়ে কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরী, ছাত্র-শিক্ষক কেন্দ্র, কার্জন হল, আবদুল গণি রোড, বঙ্গবন্ধু এভিনিউ, ডিআইটি এভিনিউ হয়ে বঙ্গভবন পর্যন্ত, সেনানিবাস এলাকায় এবং জাতীয় মসজিদ বায়তুল মোকাররমের চার পার্শ্বের রাস্তাসমূহ ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের সম্মুখের রাস্তায় প্রয়োজনীয় সংখ্যক ''কালিমা তায়্যিবা'' লিখিত ব্যানার প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। যুগ্মসচিব (প্রশাসন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয় উক্ত কাজে সংশ্লিষ্টদের সাথে সমন্বয় সাধন করবেন। | |
| ৪. | পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) উপলক্ষে বাংলাদেশ সচিবালয় মসজিদে দোয়া আয়োজন এবং তারিখ ও সময় নির্ধারণ। | আগামী ১২ রবিউল আউয়াল ১৪৪৫ হিজরি সরকারি ছুটির দিনে সচিবালয় মসজিদে মুসল্লি তথা কর্মকর্তা/কর্মচারীর উপস্থিতি কম হয় বিধায় সরকারি ছুটির পরবর্তীতে ০২ অক্টোবর, ২০২৩, সোমবার বাদ যোহর বাংলাদেশ সচিবালয় কেন্দ্রীয় জামে মসজিদে স্বাস্থ্যবিধি মেনে জাতীয় মিলাদ মাহফিলের আয়োজন করতে হবে। | (১) জনপ্রশাসন মন্ত্রণালয়<br>(২) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়<br>(৩) ইসলামিক ফাউন্ডেশন |
| ৫. | (ক) ১৪৪৫ হিজরি সনের পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সা.) যথাযোগ্য মর্যদায় উদ্‌যাপনের লক্ষ্যে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক নিজস্ব কর্মসূচি বাস্তবায়ন। | (ক) প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া/প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক ইসলামিক ফাউন্ডেশন ওয়াজ মাহফিল, বেতারের জন্য সেমিনার অনুষ্টান ধারণ ও প্রচার, ক্বিরাত মাহফিল, হাম্‌দ নাত, স্বরচিত কবিতা পাঠ, ছাত্র-ছাত্রীদের সাংস্কৃতিক প্রতিযোগিতা, আরবীতে খুৎবা লেখা প্রতিযোগিতা, সেমিনার এবং "ঈদে মিলাদুন্নবী (সা.) স্মরণিকা" প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবে। ইসলামিক ফাউন্ডেশন স্বাস্থ্যবিধি মেনে ঈদ-ই-মিলাদুন্নবী (সা.) উদযাপন উপলক্ষ্যে ১২ই রবিউল আউয়াল এবং পরবর্তী ১৫ দিন ব্যাপী বায়তুল মোকাররম মসজিদের দক্ষিণ প্রান্তে ইসলামিক বই মেলার আয়োজন করবে। উক্ত বই মেলা সর্ম্পকিত কর্মসূচি তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় বাংলাদেশ বেতার ও বাংলাদেশ টেলিভিশনে প্রচারের ব্যবস্থা করবে। | ১. তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়<br>২. ইসলামিক ফাউন্ডেশন<br>৩. হজ অফিস, ঢাকা |

| নং | কর্মসূচী | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৬. | বিভাগ/জেলা/উপজেলা/সিটি কর্পোরেশন/পৌরসভা/সশস্ত্র বাহিনী বিভাগ/ ইয়াতিমখানা/ বেসরকারি সংস্থাসমূহে হযরত মুহাম্মদ (সা.) এর জীবন ও কর্মের উপর আলোচনা সভা ও মিলাদ মাহফিল অনুষ্ঠানের কর্মসূচী | বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী কর্মকর্তাসহ সিটি কর্পোরেশন, পৌরসভা, সশস্ত্র বাহিনী বিভাগ/এতিমখানা নিজ নিজ অধিক্ষেত্রে ঈদ-ই-মিলাদুন্নবী উদযাপনের জাতীয় কর্মসূচীর আলোকে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক অনুরূপ কর্মসূচী গ্রহণ করবে এবং কর্মসূচীতে সেমিনার, আলোচনা সভা, দোয়া মাহফিল অন্তর্ভুক্ত থাকবে। এছাড়া দেশের উদ্বোধনকৃত মডেল মসজিদ এবং প্রাক-প্রাথমিক ও গণশিক্ষা কেন্দ্রসমূহে স্বাস্থ্যবিধি মেনে অনুরূপ কর্মসূচি গ্রহণ করবে। | ১. মন্ত্রিপরিষদ বিভাগ।<br>২. জনপ্রশাসন মন্ত্রণালয়।<br>৩. স্থানীয় সরকার বিভাগ।<br>৪. সমাজকল্যাণ মন্ত্রণালয়<br>৫. সশস্ত্র বাহিনী বিভাগ।<br>৫. ইসলামিক ফাউন্ডেশন। |
| ৭. | বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার কর্তৃক যথাযথ গুরুত্বসহকারে বিশেষ অনুষ্ঠান প্রচার ও সংবাদপত্র সমূহে ঈদ-ই-মিলাদুন্নবী (সা.) উপলক্ষে বিশেষ সংখ্যা (ক্রোড়পত্র) প্রকাশ। | বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, অন্যান্য ইলেকট্রনিক মিডিয়া ও বিভিন্ন প্রচার মাধ্যমে পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী উপলক্ষে বিশেষ অনুষ্ঠান প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে। এ বিষয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং তথ্য অধিদপ্তর ইসলামিক ফাউন্ডেশনকে সার্বিক সহযোগিতা প্রদান করবে। | ১. তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়/তথ্য অধিদপ্তর/ গণযোগাযোগ অধিদপ্তর<br>২. ইসলামিক ফাউন্ডেশন<br>৩. বাংলাদেশ টেলিভিশন<br>৪. বাংলাদেশ বেতার<br>৫. প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়াসহ সকল প্রচার মাধ্যম।<br>৬. জনসংযোগ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়। |
| ৮. | বিশ্ববিদ্যালয়সহ সকল শিক্ষা প্রতিষ্ঠান/সাংস্কৃতিক প্রতিষ্ঠান ও সকল ধর্মীয় প্রতিষ্ঠান কর্তৃক ঈদ-ই-মিলাদুন্নবী (সা.) উপলক্ষে মিলাদ মাহফিলসহ বিশেষ কর্মসূচী গ্রহণ। | বিশ্ববিদ্যালয়সহ দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান, সাংস্কৃতিক প্রতিষ্ঠান, ইসলামিক ফাউন্ডেশন, ওয়াকফ প্রশাসন, হজ্ব অফিস, আশকোনা, ঢাকা ও হজ্ব অফিস, জেদ্দাসহ সকল ধর্মীয় প্রতিষ্ঠান কর্তৃক হযরত মুহাম্মদ (সা.) এর জীবনী ও কর্মের উপর আলোচনা বিশেষ করে ইসলামে শান্তি, প্রগতি, সৌহার্দ্য, সহিষ্ণুতা, বিশ্ব-ভ্রাতৃত্ব, মানবাধিকার, নারীর মর্যাদা ইত্যাদি বিষয়ের উপর আলোচনা সভা, দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠানের আয়োজন করবে। | ১. মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ।<br>২. কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।<br>৩. প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়<br>৪.সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।<br>৫. সমাজকল্যাণ মন্ত্রণালয়।<br>৬. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।<br>৭.ইসলামিক ফাউন্ডেশন।<br>৮. বাংলাদেশ ওয়াকফ প্রশাসন।<br>৯. হজ অফিস, ঢাকা/জেদ্দা। |
| ৯. | শিশুদের জন্য অনুষ্ঠান। | বাংলাদেশ শিশু একাডেমি স্বাস্থ্যবিধি অনুসরণ পূর্বক শিশুদের জন্য হামদ-নাত, আলোচনা সভা, রচনা-প্রতিযোগিতাসহ বিভিন্ন কর্মসূচি গ্রহণ করবে। এজন্য শিশু একাডেমির অনুকূলে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হবে। | ১. ধর্ম বিষয়ক মন্ত্রণালয়<br>২. মহিলা শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>৩. বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা। |

| নং | কর্মসূচী | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১০. | দেশের সকল হাসপাতাল/ কারাগার/সরকারি শিশু পরিবার/বৃদ্ধনিবাস/ ইয়াতিমখানা/মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে উন্নতমানের খাবার পরিবেশন | দেশের সকল সামরিক ও বেসামরিক হাসপাতাল, কারাগার, শিশু সদন ও বৃদ্ধ নিবাস/এতিমখানায় উন্নতমানের খাবার পরিবেশন করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/অফিসসমূহ এবং সশস্ত্র বাহিনী বিভাগ কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | ১. স্বাস্থ্য সেবা বিভাগ।<br>২. সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।<br>৩.সমাজকল্যাণ মন্ত্রণালয়।<br>৪. সশস্ত্র বাহিনী বিভাগ। |
| ১১. | বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস ও মিশনসমূহে যথাযথ ভাবে ঈদ-ই-মিলাদুন্নবী (সা.) পালন। | বিদেশে অবস্থিত বালাদেশ দূতাবাস ও মিশনসমুহ যথাযথ মর্যাদা সহকারে পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সা.) পালনের ব্যবস্থা গ্রহণ করবে। | পররাষ্ট্র মন্ত্রণালয়। |
| ১২. | সিটি কর্পোরেশন/ পৌরসভা কর্তৃক নগর ও মহানগরের রাস্তা-ঘাট পরিস্কার পরিচ্ছন্ন রাখা। | দেশের সকল সিটি কর্পোরেশন/পৌরসভা/নগর ও মহানগরের রাস্তা-ঘাট পরিস্কার পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা করবে। এ বিষয়টি বাংলাদেশ বেতার এবং বাংলাদেশ টেলিভিশন প্রচারের ব্যবস্থা করবে। | ১.স্থানীয় সরকার বিভাগ।<br>২..তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়।<br>৩.বাংলাদেশ বেতার।<br>৪.বাংলাদেশ টেলিভিশন। |
| ১৩. | ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) উপলক্ষে সারাদেশে আইন শৃংখলা রক্ষার্থে বিশেষ ব্যবস্থা গ্রহণ। | ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) উপলক্ষে অনুষ্টিতব্য সকল কর্মসূচিতে আইন শৃংখলা রক্ষাসহ সারাদেশে আয়োজিত অনুষ্ঠান চলাকালীন অন্যান্য অনুষ্ঠান (যেমন-যাত্রাপালা, জারিগান, আতশবাজি ইত্যাদি) বন্ধ রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. জননিরাপত্তা বিভাগ।<br>২. বাংলাদেশ পুলিশ। |

০৩। সভাপতি ঈদ-ই-মিলাদুন্নবী (সা.) যথাযযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে উদ্‌যাপনের ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট সকলকে উদাত্ত আহ্বান জানান এবং সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/
১৩/৯/২০২৩
মোঃ ফরিদুল হক খান এম.পি.
প্রতিমন্ত্রী
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

নম্বর- ১৬.০০.০০০০.০০১.২৩.০০৪.১৭ (অংশ-২).৬৬

তারিখ : ২৯ ভাদ্র ১৪৩০ / ১৩ সেপ্টেম্বর, ২০২৩

অনুলিপি:-সদয় অবগতি ও কার্যার্থে: **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা। (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
২. পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৮. মহা-পুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ সদর দপ্তর, ঢাকা।
৯. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১০. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
১২. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. সামরিক সচিব, আপনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
১৫. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২২. অতিরিক্ত সচিব (সকল),ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
২৪. ওয়াকফ্ প্রশাসক, বাংলাদেশ ওয়াকফ প্রশাসকের কার্যালয়, ঢাকা।
২৫. মহাপরিচালক, গনযোগাযোগ অধিদপ্তর, তথ্য ভবন, সার্কিট হাউজ রোড, ঢাকা।
২৬. মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা।
২৭. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
২৮. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
২৯. যুগ্মসচিব (সকল), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩০. পরিচালক, হজ্ব অফিস, ঢাকা।
৩১. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা গণপূর্ত সার্কেল-১, সেগুনবাগিচা, ঢাকা।
৩২. জেলা প্রশাসক, ঢাকা।
৩৩. উপসচিব (সকল), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৪. সিস্টেমস এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৫. জনসংযোগ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৬. প্রধান হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তা, প্রধান হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তার কার্যালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৩৭. সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব (সকল), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৮. প্রোগ্রামার, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩৯. পরিচালক (দ্বীনি দাওয়াত ও সংস্কৃতি বিভাগ), ইসলামিক ফাউন্ডেশন, বায়তুল মোকাররম, ঢাকা।
৪০. হিসাবরক্ষণ কর্মকর্তা,ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪১. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪২. সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৩. ইমাম, বাংলাদেশ সচিবালয় কেন্দ্রীয় জামে মসজিদ, ঢাকা।

(আজম উদ্দীন তালুকদার)
সিনিয়র সহকারী সচিব
৫৫১০১১৬৮
cord_sec@mora.gov.bd